# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৬৫. চুল বাঁধা অবস্থায় পুরুষদের নামায আদায় করা

আবু সা’দ্ অথবা আবু সা’ঈদ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আবু রাফি’ (রা.) ’হাসান (রা.) কে মাথার চুল বাঁধা অবস্থায় নামায পড়তে দেখেছেন। অতঃপর তিনি তাঁর চুলের বাঁধন খুলে দিলেন অথবা এমন করতে নিষেধ করে বললেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُّصَلِّيَ الرَّجُلُ وَهُوَ عَاقِصٌ شَعْرَهُ وَفِيْ رِوَايَةٍ أَنَّهُ قَالَ: ذَلِكَ كِفْلُ الشَّيْطَانِ

“রাসূল (সা.) পুরুষদেরকে মাথার চুল বাঁধা অবস্থায় নামায পড়তে নিষেধ করেছেন। অন্য বর্ণনায় রয়েছে, রাসূল (সা.) ইরশাদ করেন: এটি হচ্ছে শয়তানের খোঁপা”।[1]

আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) একদা আব্দুল্লাহ্ বিন্ হারিসকে মাথার চুল বাঁধা অবস্থায় নামায পড়তে দেখলে তিনি তা খুলে দেন। আব্দুল্লাহ্ বিন্ হারিস্ নামায শেষ করে আব্দুল্লাহ্ বিন্ ’আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) কে বললেনঃ আপনি আমার মাথা নিয়ে এতো ব্যস্ত হলেন কেন? তখন তিনি বলেনঃ রাসূল (সা.) ইরশাদ করেন:

إِنَّمَا مَثَلُ هَذَا مَثَلُ الَّذِيْ يُصَلِّيْ وَهُوَ مَكْتُوْفٌ

“এর দৃষ্টান্ত ওই ব্যক্তির ন্যায় যে তার উভয় হাত বাঁধা অবস্থায় নামায আদায় করছে”।[2]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৬৪৬ ইবনু মাজাহ্, হাদীস ১০৫১ আহমাদ্ ৬/৮, ৩৯১ দারিমী ১/৩২০)

[2] (মুসলিম, হাদীস ৪৯২ আবু দাউদ, হাদীস ৬৪৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11315

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন